Co-Chairpersons:
Sultana Kamal, Elsa Stamatopoulou
Members:
Shapan Adnan, Lars-Anders Baer, Tone Bleie
Victoria Tauli-Corpuz, Bina D'Costa, Hurst Hannum
Yasmeen Haque, Sara Hossain, Muhammad Zafar Iqbal
Khushi Kabir, Myrna Cunningham Kain,
Michael C.van Walt van Praag, Iftekharuzzaman

**Chittagong Hill Tracts Commission**

# বিবৃতি

## পার্বত্য চট্টগ্রাম কমিশনের কো-চেয়ার সুলতানা কামালকে হত্যার হুমকি, পার্বত্য চট্টগ্রাম কমিশনের গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা প্রকাশ। সুলতানা কামালসহ তিন বিশিষ্ট নাগরিকের নিরাপত্তা ব্যবস্থা জোরদার ও হুমকিদাতাদের শনাক্ত করে দ্রুত আইনের আওতায় এনে বিচারের দাবি।

**৬ মে ২০১৯, ঢাকা।** পার্বত্য চট্টগ্রাম কমিশনের কো-চেয়ার, বিশিষ্ট মানবাধিকারকর্মী অ্যাড. সুলতানা কামালসহ সাংবাদিক শাহরিয়ার কবির ও ইতিহাসবিদ মুনতাসীর মামুনকে আন্তর্জাতিক জঙ্গি সংগঠন আইএস সমর্থিত অনলাইনভিত্তিক প্রকাশনা লোন উলফ এর মার্চ সংখ্যায় হত্যার হুমকি দিয়েছে বলে অভিযোগ করা হয়েছে। এ হুমকির ঘটনায় পার্বত্য চট্টগ্রাম কমিশন গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা প্রকাশ করছে।

পার্বত্য চট্টগ্রাম কমিশন মনে করে, পুর্বে সংঘটিত জঙ্গি হামলা ও হত্যাকান্ডগুলোর সুষ্ঠু তদন্ত ও বিচার না হওয়ায় মৌলবাদী জঙ্গিগোষ্ঠীগুলো দিন দিন আরও বেশি সক্রিয় হয়ে উঠছে। মৌলবাদী সাম্প্রদায়িক গোষ্ঠীর এ সক্রিয়তা দেশের গণতন্ত্র ও মুক্তিচিন্তার জন্য চরম হুমকি।

মৌলবাদী সাম্প্রদায়িক জঙ্গিগোষ্ঠীগুলো দীর্ঘদিন ধরে দেশের প্রগতিশীল, সংস্কৃতিমনা, মুক্তচিন্তার অধিকারী বিশিষ্ট ব্যক্তিদের ওপর বিভিন্ন সময়ে হামলা ও হত্যার হুমকি দিয়ে আসছে। গত বছর ২০১৮ সালে মার্চ মাসে বিশিষ্ট লেখক-শিক্ষক ও পার্বত্য চট্টগ্রাম কমিশনের সদস্য ড. জাফর ইকবালের ওপর সিলেটে হামলা করা হয়। ড. ইকবালের ওপর হামলাটিও "লোন উলফ" দ্বারা সংঘটিত হয়েছে বলে এ মুখপত্রে বলা হয়েছে।

উল্লেখ্য যে, ২০১৩ সালের ফেব্রুয়ারি মাসে ব্লগার আহমেদ রাজীব হায়দারকে হত্যার মধ্য দিয়ে দেশে চোরাগোপ্তা হামলার ঘটনা শুরু হয়। বিগত কয়েক বছরে অনেক লেখক, প্রকাশক, ব্লগার ও ভিন্ন চিন্তার মানুষকে চোরাগোপ্তা হামলার মাধ্যমে হত্যা করা হয়েছে। ২০১৫ সালে বিজ্ঞান লেখক ড. অভিজিত রায়, প্রকাশক দীপনসহ ৫ জনকে হত্যা এবং প্রকাশকসহ ৩ জনকে কুপিয়ে আহত করা হয়। এছাড়া ২০১৬ সালে ২৫ এপ্রিল সমকামীদের অধিকার ও মানবাধিকারকর্মী জুলহাস ও তনয়কে কুপিয়ে হত্যা করা হয়। এসব হত্যাকান্ডের পেছনে কোন না কোন জঙ্গি সংগঠন জড়িত বলে দাবি করা হয়েছে এবং পুলিশ বিভিন্ন সময়ে সেকথা জানিয়েছে। কিন্তু রাজীব হায়দার হত্যা মামলা ছাড়া অন্য হত্যাকান্ডগুলোর তদন্তে সন্তোষজনক কোন অগ্রগতি আজ অবধি লক্ষ্য করা যায়নি।

পার্বত্য চট্টগ্রাম কমিশন অবিলম্বে কমিশনের কো-চেয়ার সুলতানা কামালসহ সাংবাদিক শাহরিয়ার কবির ও ইতিহাসবিদ মুনতাসীর মামুনের নিরাপত্তা ব্যবস্থা জোরদারের জন্য সরকারের কাছে জোর দাবি জানাচ্ছে। একইসাথে দ্রুত ও স্বতন্ত্র তদন্তের মাধ্যমে হুমকিদাতাদের শনাক্ত করে আইনের আওতায় এনে তাদের বিচার করার দাবি জানাচ্ছে।

ধন্যবাদসহ,

| | |
|---|---|
| এলসা স্টামাতোপৌলৌ | মির্না কানিংহাম কেইন |
| কো-চেয়ারপার্সন | কো-চেয়ারপার্সন |
| পার্বত্য চট্টগ্রাম কমিশন | পার্বত্য চট্টগ্রাম কমিশন |

**সদস্য**: ড. স্বপন আদনান, লারস এন্ডারস বেয়ার, ড. টোনা ব্লাই, হার্স্ট হেনাম, ড. ইয়াসমিন হক, ড. জাফর ইকবাল, ব্যারিস্টার সারা হোসেন, মির্না কানিংহাম কেইন, খুশী কবির, মাইকেল সি ভন ওয়াল্ট প্রাগ, ড. ইফতেখারুজ্জামান, ড. বীণা ডি' কস্টা।

**উপদেষ্টা:** ইয়েনেকি এরেঞ্জ, টম এস্কিলসন, ড. মেঘনা গুহঠাকুরতা।

International Secretariat:
C/O IWGIA, Classensgade 11E, 2100 Copenhagen, Denmark
Phone: +45 35 27 05 00, Fax: +45 35 27 05 06
E-mail: cn@iwgia.org
Phone: +88 02 91 46 048, E-mail: chtcomm@gmail.com
www.chtcommission.org